# রাজা রামমোহন রায় মহাবিদ্যালয়

## রাধানগর * নাঙ্গুলপাড়া * হুগলী

**২০২৩-২৪ শিক্ষাবর্ষে ৪ বছরের সাম্মানিক ও ৩ বছরের স্নাতক শ্রেণীতে ভর্তির দ্বিতীয় পর্যায়ের প্রক্রিয়া সম্পর্কিত প্রয়োজনীয় তথ্য।**

১) বর্ধমান বিশ্ববিদ্যালয় স্বীকৃত যে কোন বোর্ড/কাউন্সিল থেকে ২০২৩, ২০২২, ২০২১ ও ২০২০ সালের উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রী আবেদন করতে পারবে।

২) আবেদনকারীরা কেবলমাত্র অনলাইন -এ রাজা রামমোহন রায় মহাবিদ্যালয়ের ওয়েবসাইট www.rrrmahavidyalaya.edu.in/)-এ আবেদন করতে পারবে।

৩) অনলাইন অ্যাপ্লিকেশন/রেজিস্ট্রেশন এর জন্য ফর্ম ফিলাপের সময় নীচে লেখা, ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় নিজস্ব তথ্যাবলী আপলোড করতে হবে -

**ক) স্ক্যান করা ছবি (জে.পি.ই.জি. ফর্ম্যাট- ৩০ কে.বি.র নীচে)।**

**খ) স্ক্যান করা স্বাক্ষর (জে.পি.ই.জি. ফর্ম্যাট- ২০ কে.বি.র নীচে)।**

**গ) মাধ্যমিক অ্যাডমিট কার্ড (পি.ডি.এফ)।**

**ঘ) মাধ্যমিক মার্কশীট (পি.ডি.এফ)।**

**ঙ) উচ্চ মাধ্যমিক/ সমতুল পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড (পি.ডি.এফ)।**

**চ) উচ্চ মাধ্যমিক/ সমতুল পরীক্ষার মার্কশীট (পি.ডি.এফ)।**

**ছ) কাস্ট সার্টিফিকেট (যদি কাস্ট ভিত্তিতে আবেদন হয়) (EWS/SC/ST/OBC-A/OBC-B) (পি.ডি.এফ)।**

**জ) শারীরিক ভাবে সক্ষম না হলে তার সার্টিফিকেট (পি.ডি.এফ)।**

**ঝ) আধার কার্ড (পি.ডি.এফ)**

৪) ভর্তির আবেদন করার জন্য কোনো রেজিস্ট্রেশন ফি দিতে হবে না।

৫) প্রত্যেক ছাত্র/ছাত্রীকে মহাবিদ্যালয়ের ওয়েবসাইটে দেওয়া ভর্তি সম্পর্কিত সাধারণ তথ্য ও নিয়মাবলী ফর্ম পূরণ করার আগে ভালভাবে দেখে নিতে বলা হচ্ছে।

৬) ৪ বছরের সাম্মানিক কোর্সে একজন ছাত্র/ছাত্রী সর্বাধিক ৩ টি বিষয়ে আবেদন করতে পারবে এবং ৩ বছরের স্নাতক কোর্সে একজন ছাত্র/ছাত্রী সর্বাধিক ৩ টি বিষয়ে আবেদন করতে পারবে।

৭) উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রীরাই ৩ বছরের স্নাতক কোর্সে আবেদন করতে পারবে।

৮) ফর্ম ফিলাপ করলেই ভর্তি হওয়া যাবে না। শুধুমাত্র মেধার ভিত্তিতে-ই ভর্তির সুযোগ হবে।

৯) কলা, বিজ্ঞান ও বাণিজ্য বিভাগে ৪ বছরের সাম্মানিক ও ৩ বছরের স্নাতক কোর্সে ভর্তি সংক্রান্ত নিয়মাবলী মহাবিদ্যালয়ের ওয়েবসাইটে ভালভাবে দেখে নিতে বলা হচ্ছে।

Scanned with OKEN Scanner

১০) ছাত্র-ছাত্রীদের খুব সতর্কভাবে অনলাইন ফর্মফিলাপ করতে হবে। চূড়ান্ত সিদ্ধান্তের আগে ফর্মে দেওয়া তথ্যগুলি ভাল করে দেখতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সঠিক ফি জমা না দিলে আবেদনপত্র বাতিল হয়ে যাবে।

১১) ছাত্র-ছাত্রীদের দেওয়া তথ্যে কোন অসঙ্গতি/ভুল থাকলে যে কোন সময় তাদের আবেদনপত্র অথবা ভর্তি বাতিল করা হবে। প্রদত্ত অর্থ ফেরৎ দেওয়া হবে না।

১২) ভোকেশনাল কোর্সের উচ্চমাধ্যমিক/সমতুল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা শুধুমাত্র ৩ বছরের স্নাতক কোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

**১৩) ভেরিফিকেশনের সময় নিম্নলিখিত শংসাপত্রগুলির আসল দেখাতে হবে।**

**ক) মাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড ও মার্কশীট।**

**খ) উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার অ্যাডমিট কার্ড ও মার্কশীট, স্কুল লিভিং সার্টিফিকেট।**

**গ) কাস্ট সার্টিফিকেট (যদি কাস্টের ভিত্তিতে আবেদন করা হয়ে থাকে)।**

**ঘ) রেজিস্ট্রেশন ও ভর্তি ফি এর রসিদ।**

**ঙ) আধার কার্ড।**

১৪) কোনোরকম অসঙ্গতি দেখা গেলে ভর্তির ফর্ম বাতিল হয়ে যাবে।

**বি: দ্র : ভর্তি প্রক্রিয়ার জন্য ছাত্র-ছাত্রীদের কলেজে আসতে নিষেধ করা হচ্ছে। অনলাইন প্রক্রিয়ার মাধ্যমে বাড়িতে থেকে ভর্তির কাজ করার জন্য অনুরোধ করা হচ্ছে। ভর্তির তারিখ সরকারি নির্দেশিকা বলে পরিবর্তন সাপেক্ষ।**

(Dr D Bhargava)

*Principal*
Raja Rammohun Roy Mahavidyalaya
Radhanagar, P.O- Nangulpara
Hooghly

Scanned with OKEN Scanner